# রোগীদের প্রতি বিজ্ঞপ্তি

আপনি একটি মনোরোগ চিকিৎসার হাসপাতালের একজন রোগী। আপনার নিরাপদ এবং সম্মানজনক পরিচর্যা পাওয়ার অধিকার রয়েছে যা আপনার চাহিদা পূরণ করে। কর্মীরা আপনাকে সাহায্য করতে এবং আপনার সাথে সম্মানজনক আচরণ করতে এখানে আছেন।

আপনার পরিচর্যা, আপনার আইনি স্থিতি, বা আপনার অধিকার সম্পর্কে আপনার যদি কোনো প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে হাসপাতালের কোনো কর্মীকে জিজ্ঞাসা করুন।

মেন্টাল হাইজিন লিগ্যাল সার্ভিসেস (MHLS) একটি স্বাধীন আদালত-সংক্রান্ত সংস্থা, যা আপনার অধিকার সুরক্ষার জন্য কাজ করে MHLS যা করতে পারে:

- আপনার বা আপনার পরিবারের আইনি প্রশ্নের উত্তর দেওয়া
- আপনার চিকিৎসা বা হাসপাতালে ভর্তি হওয়া সম্পর্কিত সমস্যাগুলোতে আপনাকে সাহায্য করা
- প্রয়োজন হলে আদালতে আপনার প্রতিনিধিত্ব করা।

আপনার হাসপাতালে ভর্তি হওয়া বা চিকিৎসার বিষয়ে আপনি যদি আদালতে শুনানির ইচ্ছা পোষণ করেন, তবে আপনি বা আপনার পক্ষে কাজ করা অন্য কেউ মেন্টাল হাইজিন লিগ্যাল সার্ভিসেস-কে সরাসরি টেলিফোন করে বা লিখে, অথবা আপনার জন্য এমন ব্যবস্থা করতে হাসপাতালের কর্মীদের অনুরোধ করার মাধ্যমে তাদের সাথে যোগাযোগ করতে পারেন।

________________________________________

স্থানীয় MHLS-এর যোগাযোগের তথ্য

# রোগীদের অধিকারের সাধারণ বিবৃতি

অন্যথায় নির্দেশিত না হলে, আপনার নিচের অধিকারগুলো রয়েছে:

(1) একটি নিরাপদ এবং স্বাস্থ্যসম্মত পরিবেশ;

(2) একটি সুষম এবং পুষ্টিকর খাবার;

(3) উপযুক্ত ব্যক্তিগত পোশাক;

(4) ধর্ম পালন;

(5) কর্মচারী বা অন্যান্য আবাসিকদের দ্বারা নির্যাতন এবং দুর্ব্যবহার থেকে মুক্তি;

(6) পর্যাপ্ত গ্রুমিং এবং ব্যক্তিগত স্বাস্থ্যবিধির সামগ্রী;

(7) পোশাক এবং অন্যান্য ব্যক্তিগত সম্পত্তির জন্য যুক্তিসঙ্গত পরিমাণে নিরাপদ স্টোরেজ স্পেস;

(8) ঘুমানোর, গোসল করার এবং টয়লেটের জায়গাগুলোতে যুক্তিসঙ্গত মাত্রার গোপনীয়তা;

(9) যুক্তিসঙ্গত সময়ে দর্শনার্থীদের গ্রহণ করা, যেসব পরিবারের সদস্য এবং অন্যান্য প্রাপ্তবয়স্কদের পরিদর্শনের অগ্রাধিকার দেওয়া হবে তাদের অনুমোদন করা, পরিদর্শনের সময় গোপনীয়তা বজায় রাখা, এবং হাসপাতাল/কেন্দ্রের ভেতরে বা বাইরের ব্যক্তিদের সাথে স্বাধীনভাবে যোগাযোগ করা;

(10) উপযুক্ত চিকিৎসা পরিচর্যা;

(11) চিকিৎসা বা পরিষেবাগুলোর একটি ব্যক্তিগতকৃত পরিকল্পনা এবং সেই পরিকল্পনার উন্নয়নে অংশগ্রহণ করা, যার মধ্যে রয়েছে আপনার জন্য (যদি আপনার বয়স 16 বছর বা তার বেশি হয়) আপনার গুরুত্বপূর্ণ কাউকে, যেমন কোনো আত্মীয়, ঘনিষ্ঠ বন্ধু বা আপনার মঙ্গলের সাথে জড়িত অন্য কোনো ব্যক্তিকে এই ধরনের পরিকল্পনার উন্নয়নে অংশগ্রহণের জন্য অনুরোধ করার সুযোগ, তবে কম্প্রিহেনসিভ সাইকিয়াট্রিক ইমার্জেন্সি প্রোগ্রামগুলির ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ব্যক্তির অংশগ্রহণের সুযোগটি যেখানে বাস্তবসম্মত সেখানে প্রদান করা হবে; এবং

(12) আপনি ভর্তি হওয়ার সময় এবং আপনার স্ট্যাটাস পরিবর্তিত হলে আপনার আইনি স্ট্যাটাস এবং অধিকারগুলো সম্পর্কে একটি লিখিত নোটিশ পাবেন। আপনি হাসপাতালের কর্মীদের বা মেন্টাল হাইজিন লিগ্যাল সার্ভিসের কাছে এর অতিরিক্ত কপি চাইতে পারেন।

(13) আপনার যেকোনো প্রশ্ন বা অভিযোগ হাসপাতালের ডিরেক্টর (বা প্রশ্ন বা অভিযোগ শোনার জন্য নিযুক্ত ব্যক্তি), মেন্টাল হাইজিন লিগ্যাল সার্ভিস, এই হাসপাতালের বোর্ড অব ভিজিটর (যদি প্রযোজ্য হয়), এবং বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের সুরক্ষার জন্য জাস্টিস সেন্টারের (Justice Center for the Protection of People with Special Needs)-এর কাছে জানানোর অধিকার আপনার রয়েছে। আপনার হাসপাতালের বাইরের ব্যক্তিদের সঙ্গে বিনা বাধায় কথাবার্তা বলার এবং একজন আইনজীবীর সঙ্গে পরামর্শ করার ও তার সহায়তা পাওয়ারও অধিকার রয়েছে। আপনাকে ডিসচার্জ করার আগে, হাসপাতালের বাইরের আপনার পরিচর্যা এবং চিকিৎসার পরিকল্পনা এবং ব্যবস্থা করতে হাসপাতালকে অবশ্যই আপনাকে সাহায্য করতে হবে।

## ভর্তি, ধরে রাখা এবং মুক্তির জন্য আইনি পদ্ধতিগুলোর সারসংক্ষেপ।

আপৎকালীন ভর্তি করা

যদি একজন সাইকিয়াট্রিস্ট এবং এই হাসপাতালের কর্মীদের মধ্যে থাকা অন্য একজন চিকিৎসক নির্ধারণ করেন যে আপনার তাৎক্ষণিক পর্যবেক্ষণ, পরিচর্যা এবং চিকিৎসার প্রয়োজন রয়েছে, তবে আপনার আসার তারিখ থেকে 15 দিন পর্যন্ত আপনাকে হাসপাতালে রাখা যেতে পারে। এই 15 দিন শেষ হওয়ার মধ্যে, হাসপাতালকে অবশ্যই আপনাকে মুক্ত করতে হবে, আপনাকে ভলান্টেরি স্ট্যাটাসে রূপান্তর করতে হবে, অথবা আপনাকে স্বেচ্ছায় বা অনানুষ্ঠানিক রোগী হিসেবে থাকার জন্য বলতে হবে। আপনি বা আপনার হয়ে কাজ করা অন্য কেউ আপনার আশু পর্যবেক্ষণ, পরিচর্যা ও চিকিৎসার প্রয়োজন নেই বলে মনে করলে আপনি বা তারা একটি আদালতের শুনানির জন্য লিখিত অনুরোধ করতে পারেন, যা পাঁচদিনের মধ্যে আয়োজিত হবে।

অনিচ্ছায় ভর্তি হওয়া

আপনি যদি একজন পরীক্ষাকারী ডাক্তার এবং একজন পরীক্ষাকারী সাইকিয়াট্রিক নার্স প্র্যাকটিশনারের (অথবা দুজন পরীক্ষাকারী ডাক্তারের) সার্টিফিকেটের ওপর ভিত্তি করে একজন অনিচ্ছাধীন স্ট্যাটাসের রোগী হন, তবে আপনাকে ভর্তির তারিখ থেকে 60 দিন পর্যন্ত হাসপাতালে রাখা যেতে পারে। আপনি বা আপনার পক্ষে কাজ করা ব্যক্তিরা যদি বিশ্বাস করেন যে আপনার অনিচ্ছাধীন পরিচর্যা এবং চিকিৎসার প্রয়োজন নেই, তবে আপনি বা তারা আদালতের শুনানির জন্য একটি লিখিত অনুরোধ করতে পারেন।

এই 60-দিনের মেয়াদ শেষ হওয়ার মধ্যে, হাসপাতালকে অবশ্যই আপনাকে রিলিজ করতে হবে, আপনাকে স্বেচ্ছায় বা অনানুষ্ঠানিক রোগী হিসেবে থাকার জন্য বলতে হবে, অথবা আপনাকে হাসপাতালে রাখার আদেশের জন্য আদালতে আবেদন করতে হবে। যখনই আদালতে কোনো আবেদন করা হয়, তখন আপনার শুনানির অধিকার রয়েছে। আপনাকে হাসপাতালে রাখার প্রথম আদেশটি 6 মাসের, দ্বিতীয়টি এক বছরের এবং তৃতীয় ও পরবর্তী আদেশগুলির প্রতিটি 2 বছরের জন্য হতে পারে।

স্বেচ্ছায় ভর্তি হওয়া

আপনি স্বেচ্ছায় ভর্তি হওয়ার আবেদনে স্বাক্ষর করে থাকলে অথবা আপনার বয়স 18 বছরের কম হলে ও আপনার জন্য একটি আবেদনে স্বাক্ষর করা হয়ে থাকলে আপনি একজন ভলান্টেরি-স্ট্যাটাসের রোগী। আপনি হাসপাতাল থেকে ছাড়া পেতে চাইলে আপনি যে কোনও সময় হাসপাতাল কর্মীদের কাছে তা লিখিতভাবে জানাতে পারেন। এরপর হাসপাতালকে অবশ্যই আপনাকে দ্রুত রিলিজ করতে হবে, যদি না হাসপাতালের ডিরেক্টর মনে করেন যে আপনার থাকা প্রয়োজন—সেক্ষেত্রে আপনাকে হাসপাতালে রাখার আদেশের জন্য আদালতের কাছে আবেদন করতে তাদের 72 ঘণ্টা সময় থাকবে।

## খরচ পরিশোধ

পরিচর্যার খরচের অর্থ প্রদানের জন্য আপনি এবং আপনার হেলথ ইন্স্যুরেন্স প্রদানকারী আইনত দায়বদ্ধ। উপরন্তু, আপনার স্বামী/স্ত্রী, আপনার বয়স 21 বছরের কম হলে কিছু ক্ষেত্রে আপনার পিতা-মাতা এবং প্রযোজ্য হলে, আপনার অভিভাবক বা আপনার সহায়তার জন্য প্রতিষ্ঠিত কোনো ট্রাস্ট ফান্ডের ট্রাস্টিও দায়বদ্ধ থাকতে পারে।  অর্থ প্রদানের অক্ষমতা থাকলে হাসপাতাল চার্জ মওকুফ বা হ্রাস করতে পারে। যে কোনও ব্যক্তি যিনি চার্জ মওকুফ বা হ্রাসের জন্য আবেদন করেন তাকে অর্থ প্রদানের ক্ষমতা নির্ধারণ করতে একটি আর্থিক তদন্তে অবশ্যই সহযোগিতা করতে হবে। ইন্স্যুরেন্স সংক্রান্ত বিষয়গুলো বুঝতে বা পরিচর্যা প্রদানে ইন্স্যুরেন্সের অস্বীকৃতির বিরুদ্ধে আপিল করার ব্যাপারে সহায়তার জন্য যে কেউ নিউ ইয়র্ক স্টেট CHAMP প্রোগ্রামের সাথে যোগাযোগ করতে পারেন; CHAMP-এর সাথে 888-614-5400 নম্বরে যোগাযোগ করা যেতে পারে।